গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫।
www.dls.gov.bd

## National Technical Regulatory Committee (NTRC) এর ৫ম সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | এস এম ফেরদৌস আলম<br>অতিরিক্ত সচিব<br>মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় |
| সভার তারিখ | ঃ | ২৪-০৫-২০২২খ্রিঃ |
| সময় | ঃ | সকাল ৯.৩০ ঘটিকা |
| সভাস্থল | ঃ | কৃত্রিম প্রজনন দপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর এর সভা কক্ষ |
| উপস্থিতি | ঃ | সভায় অংশগ্রহণকারী সদস্যগণের তালিকা (পরিশিষ্ট"ক")। |

সভাপতি, NTRC সভার শুরুতে উপস্থিত অংশগ্রহণকারী সকলকে স্বাগত জানান এবং সদস্য সচিব পরিচালক, কৃত্রিম প্রজননকে সভার আলোচ্যসূচী অনুযায়ী বিষয়সমূহ উপস্থাপনের আহবান করেন।

২। পরিচালক, কৃত্রিম প্রজনন পূর্ববর্তী সভার কার্যবিবরণী উপস্থাপন করেন। প্রফেসর ড.এ.কে ফজলুল হক ভূঁইয়া, প্রাণি প্রজনন ও কৌলিবিজ্ঞান বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ ০৩/০১/২০২২ তারিখের কার্যবিবরণীর ১১.৪.২ নম্বর সিদ্ধান্তে RCC, Pabna, Munshiganj, NBG, অর্ন্তভূক্ত করার প্রস্তাব করে কার্যবিবরণী অনুমোদনের জন্য প্রস্তাব করেন। অতঃপর সদস্য সচিব আলোচ্যসূচী অনুযায়ী পূর্ববর্তী সভার সিদ্ধান্তের আলোকে কৃত্রিম প্রজনন কার্যক্রম পরিচালনায় বেসরকারী সংস্থা কর্তৃক শর্তসমূহ প্রতিপালনের অগ্রগতি প্রতিবেদন, বেসরকারী সংস্থা বা উদ্যোক্তা কর্তৃক ষাঁড়, গাভী/বকনা, সিমেন, এমব্রায়ো আমদানির আবেদনের বিষয়ে সংশ্লিষ্ট উপকমিটির সুপারিশ, বেসরকারী সংস্থাসমূহের বুল ষ্টেশন স্থাপন ও কৃত্রিম প্রজনন কার্যক্রম পরিচালনার জন্য নিবন্ধন/ নবায়ন এবং বিবিধ বিষয় পাওয়ার পয়েন্টের মাধ্যমে উপস্থাপন করেন।

৩। প্রফেসর ড. এ.কে ফজলুল হক ভূঁইয়া, প্রাণি প্রজনন ও কৌলি বিজ্ঞান বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ সভায় আরসিসি-কে বাংলাদেশের গরুর একটি নতুন জাত হিসেবে স্বীকৃতি ও রেজিস্ট্রেশন প্রদানের উপর গুরুত্ব প্রদান করেন এবং মাঠ পর্যায়ে অনুমোদিত জাতের কৃত্রিম প্রজনন নির্দেশিকা-২০১৯ মেনে চলা আবশ্যক নতুবা পোল্ট্রি সেক্টরের মত গবাদি-পশুর লালন পালন নিম্নবিত্ত ও মধ্যবিত্তের জন্য দূরূহ হয়ে যাবে। এডিএল এর আবেদনের প্রেক্ষিতে আরও ১০(দশ)টি হলিস্টিন জাতের ষাঁড় বাছুর, ৫০০ মাত্রার এমব্রায়ো এবং ৫০০ মাত্রার ফ্রোজেন সিমেন আমদানির অনুমতি দেয়া যেতে পারে বলে তিনি মত প্রকাশ করেন।

৪। ডাঃ দেবাশীষ দাশ, পরিচালক, প্রশাসন, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা বলেন ইয়ন বায়ো সায়েন্স এবং ডাচ্ ডেইরী কর্তৃক আমদানির নিজস্ব খামারের বাহিরে প্রজনন কাজে বেসরকারি প্রতিষ্ঠানের নিকট ষাঁড় বাছুর বিক্রি করে শর্ত ভঙ্গ করায় তাদেরকে কারণ দর্শানোর বিষয়ে মত প্রকাশ করেন।

৫। জনাব দীপক রঞ্জন রায়, পরিচালক, সম্প্রসারণ বেসরকারী পর্যায়ে পরিচালিত কৃত্রিম প্রজনন প্রতিষ্ঠানের নিবন্ধন নবায়নের ক্ষেত্রে প্রদত্ত শর্ত মোতাবেক তাদের কার্যক্রমের মাসিক প্রতিবেদন যথাসময়ে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার কার্যালয় এবং প্রধান কার্যালয়ে প্রেরণের বিষয়ে গুরুত্ব প্রদান করেন। তিনি প্রতিটি সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের মাঠ পর্যায়ের দপ্তরের দৃশ্যমান স্থানে "কৃত্রিম প্রজনন নির্দেশিকা-২০১৯" টাঙানোর উপর বিশেষ গুরুত্বারোপ করেন এবং শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণের বিষয়টি অর্ন্তভূক্ত করার প্রস্তাব করেন।

৬। ডাঃ হীরেশ রঞ্জন ভৌমিক, এসিআই এর প্রতিনিধি আলোচনায় অংশগ্রহণ করে বলেন, এসিআই নতুন করে জেলা পর্যায়ে ০৮(আট) জন কারিগরি জনবল নিযুক্ত করেছে।

৭। প্রফেসর ড. লাম ইয়া আসাদ, এনিম্যাল নিউট্রিশন, জেনেটিক এন্ড ব্রিডিং বিভাগ, এনিম্যাল সায়েন্স এন্ড ভেটেরিনারি অনুষ শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা জানান, এশিয়ার কোন হলিস্টিন ফ্রিজিয়ান জাতের পশু আমদানি করা থেকে বিরত থাক প্রয়োজন।

৮। ড. গৌতম কুমার দেব, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, বিএলআরআই, সাভার, ঢাকা উল্লেখ করেন আরসিসি নিয়ে বিগত তিন দশক ধরে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, বিএলআরআই ও প্রাণিসম্পদ অধিদপ্তরসহ অন্যান্য সংস্থা উন্নতির জন্য কার্যক্রম চালিয়ে আসছে এবং আরসিসি এর উন্নত হার্ড বিএলআরআই এ রয়েছে। সুতরাং বাংলাদেশের গরুর একটি নতুন জাত হিসেবে স্বীকৃতি ও রেজিস্ট্রেশন প্রদান করা যেতে পারে বলে মত প্রকাশ করেন।

৯। ডাঃ মোঃ সফিউল আহাদ সরদার, পরিচালক, কেন্দ্রীয় ভেটেরিনারি হাসপাতাল, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা আলোচনায় অংশগ্রহণ করে প্রাণিসম্পদ অধিদপ্তরের অনাপত্তি পত্র ছাড়া যে কোন দেশ হতে আমদানি করা ব্রিডিং বুল প্রত্যয়ন করা উচিত হবে না বলে মত প্রকাশ করেন।

১০। জনাব এস.এম. আওয়াল হক, পরিচালক, কেন্দ্রীয় গো-প্রজনন ও দুগ্ধ খামার, সাভার, ঢাকা বলেন মাঠ পর্যায়ে অনেক বেসরকারি এআই কর্মী তার নিজস্ব কর্ম এলাকার বাহিরে গিয়ে কাজ করে থাকে যা অবিলম্বে বন্ধ হওয়া প্রয়োজন। কর্ম এলাকা অনুমোদন ব্যতীত নতুন প্রজনন কর্মী নিয়োগ ও প্রশিক্ষণ চলমান রাখার বিষয়ে ব্র্যাক এআই এন্টারপ্রাইজকে সতর্ক করা প্রয়োজন, অন্যথায় অন্য সংস্থা/ প্রতিষ্ঠান অনিয়মে উৎসাহিত হবে মর্মে মত প্রকাশ করেন।

১১। ড. মোঃ গোলাম আজম, পিএসও, এ্যানিমেল ব্রিডিং, সাভার, ঢাকা সভায় উল্লেখ করেন, ব্রিডিং পলিসি অনুসরণ করে ২০২৬ সালের **১** জানুয়ারীর মধ্যে সকল প্রতিষ্ঠানের হলিস্টিন ফ্রিজিয়ান সংকর জাতের বুলের ব্লাড লেভেল ৫০% এ ফিক্স করার উপর গুরুত্ব আরোপ করা উচিত বলে মত প্রকাশ করেন।

১২। সভাপতি, NTRC বলেন, খামারিদের ভ্রান্ত ধারণা দূরীকরণে এবং কৃত্রিম প্রজননের উদ্দেশ্য অবহিতকরণের ক্ষেত্রে এআই কর্মীদের বিশেষ ভূমিকা রয়েছে। এ লক্ষ্যে সুস্পষ্ট নির্দেশমালা প্রস্তুতপূর্বক সংশ্লিষ্ট সকলের মাঝে পৌছানোর বিষয়ে গুরুত্ব আরোপ করেন। প্রত্যায়িত ব্রিডিং বুলের ইউনিক আইডি প্রদানের সংশ্লিষ্ট উপ-কমিটিকে অনুরোধ করেন। মহিষের জাত উন্নয়নে ও ব্লাক বেঙ্গল ছাগলের জাত সংরক্ষণ ও সম্প্রসারণে এদের কৃত্রিম প্রজনন কার্যক্রমের আওতায় আনা জরুরী মর্মে সভায় মত প্রকাশ করেন।

ওশেনফ্রন্ট লিমিটেড কর্তৃক সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় বরাবরে ২০০টি উন্নত জাতের মহিষ আমদানির আবেদনের বিষয়ে তিনি বলেন, সংশ্লিষ্ট উপকমিটি সম্ভাব্য দ্রুততম সময়ের মধ্যে খামারটি পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিল করলে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।

১৩। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় ঃ

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|
| ১৩.১ | ০৩/০১/২০২২ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর ১১.৪.২ নম্বর সিদ্ধান্ত "প্রজনন ষাড়ের প্রত্যয়ন প্রক্রিয়া পূর্বের মতই থাকবে কিন্তু সিমেন স্ট্রতে জাতের উল্লেখ হবে নিম্নরূপ- ১০০% হলিস্টিন, ১০০% শাহিওয়াল, HF Cross, SL Cross " এর স্থলে "**প্রজনন ষাড়ের প্রত্যয়ন প্রক্রিয়া পূর্বের মতই থাকবে কিন্তু সিমেন স্ট্রতে জাতের উল্লেখ হবে নিম্নরূপ- ১০০% হলিস্টিন, ১০০% শাহিওয়াল, HF Cross, SL Cross, RCC, Pabna, Munshiganj, NBG**" বিবেচিত হবে মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক, কৃত্রিম প্রজনন |
| ১৩.২ | **১৩.২.১** প্রাণিসম্পদ অধিদপ্তরের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার সনদপত্র ব্যতীত কৃত্রিম প্রজনন কার্যক্রমে অংশ নিতে পারবে না (ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা বলতে প্রশিক্ষণ প্রতিষ্ঠান সংশ্লিষ্ট জেলার উপপরিচালক, জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র নির্দেশ করবে)। প্রদত্ত সনদপত্রে প্রাণিসম্পদ অধিদপ্তরের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা, প্রশিক্ষণ প্রতিষ্ঠান প্রধান এবং সংশ্লিষ্ট বেসরকারি প্রতিষ্ঠানের যৌথ স্বাক্ষর থাকতে হবে। | বেসরকারী সংস্থা, মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তর উপপরিচালক, কৃত্রিম |

| | | |
|---|---|---|
| | ১৩.২.২ ইজাব এর ২১৮৬ টি কর্ম এলাকা সম্প্রসারণের আবেদন পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তর পর্যালোচনা করে পরবর্তী সভায় উপস্থাপন করবে।<br>১৩.২.৩ ব্র্যাক এর **কর্ম এলাকার অনুমোদন ব্যতীত নতুন কর্মী প্রশিক্ষণ চলমান রাখার বিষয়ে প্রতিষ্ঠানটিকে মৌখিকভাবে সতর্ক করা**<br>১৩.২.৪ জেলা কৃত্রিম প্রজনন মনিটরিং কমিটির সভায় বেসরকারি পর্যায়ে কারিগরি জ্ঞান সম্পন্ন কর্মকর্তা প্রতিনিধিত্ব করবেন। এ ধরণের সভায় ডিলার/এআই কর্মীকে প্রতিনিধি হিসেবে প্রেরণ করা যাবে না। | প্রজনন এবং স্বীকৃত প্রশিক্ষণ প্রতিষ্ঠান প্রধান |
| ১৩.৩ | ১৩.৩.১ প্রজনন ষাঁড় সমূহের প্রজেনী পারফরমেন্স সংরক্ষণ বিষয়ে নিম্নলিখিত পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>✓ প্রত্যায়িত ষাঁড়ের প্রজেনী পারফরমেন্স সংরক্ষণের জন্য ষাঁড় প্রতি এলাকা নির্ধারণ<br>✓ সম্পৃক্ত এআই কর্মী বাছাই করা<br>✓ টেষ্ট ডোজ সিমেন পরিকল্পনামত মাঠ পর্যায়ে প্রেরণ<br>✓ প্রতিমাসে এআই সংখ্যা, গর্ভধারণ সংখ্যা ইত্যাদি তথ্য লিপিবদ্ধকরণ এবং কেন্দ্রীয় পর্যায়ে প্রেরণ<br>✓ জন্ম নেয়া বাচ্চার আইডি প্রদান এবং জন্মকালিন তথ্য সংগ্রহ এবং কেন্দ্রীয় পর্যায়ে প্রেরণ<br>✓ বকনা বাচ্চার গ্রোথ, গরম হওয়া, এআই করা, বয়স ইত্যাদি তথ্যাদি লিপিবদ্ধকরণ এবং কেন্দ্রীয় পর্যায়ে প্রেরণ<br>✓ বকনা মা হওয়ার পর প্রসবকালীন তথ্যাদি এবং দুধ উৎপাদন সম্পর্কিত তথ্যাদি লিপিবদ্ধকরণ এবং কেন্দ্রীয় পর্যায়ে প্রেরণ<br>✓ ৬ (ছয়) মাস অন্তর এনটিআরসি'র সংশ্লিষ্ট উপকমিটির নিকট নির্ধারিত ছকে তথ্যাদি উপস্থাপনপূর্বক পর্যালোচনার ব্যবস্থা করা<br>✓<br>১৩.৩.২ প্রাণিসম্পদ অধিদপ্তরের অনাপত্তি পত্র ছাড়া যে কোন দেশ হতে আমদানি করা ব্রিডিং বুল প্রত্যয়ন করা হবে না।<br>১৩.৩.৩ Pure Holstein Friesian জাতের ব্রিডিং এনিমেল এশিয়ার কোন দেশ হতে সংগ্রহ করা যাবে না।<br>১৩.৩.৪ প্রতিষ্ঠানসমূহের প্রতিটি বুলের বিশেষত Holstein Friesian জাতের A1/A2 Beta Casein জিন নির্ণয় করার জন্য অনুরোধ করা হয়।<br>১৩.৩.৫ ২০২৬ সালের ১ জানুয়ারীর মধ্যে Holstein Friesian শংকর জাতের ব্লাড লেভেল ৫০% এ ফিক্স করতে হবে । | বেসরকারী সংস্থা, পরিচালক, কৃত্রিম প্রজনন |
| ১৩.৪ | <u>**বুল স্টেশন নিবন্ধন/ নবায়ন সংক্রান্ত সুপারিশ ঃ**</u><br>১৩.৪.১ এ.সি.আই, ইজাব এলায়েন্স লিঃ এবং আমেরিকান ডেইরী লিঃ এর নিবন্ধন নবায়নের আবেদন সংশ্লিষ্ট উপকমিটি কর্তৃক উপস্থাপিত পরিদর্শন প্রতিবেদন সন্তোষজনক হওয়ায় শর্ত সাপেক্ষে প্রতিষ্ঠান গুলির নিবন্ধন নবায়ন করার সুপারিশ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১৩.৪.২ পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার নিবন্ধনের আবেদন সংশ্লিষ্ট উপকমিটি কর্তৃক উপস্থাপিত পরিদর্শন প্রতিবেদন সন্তোষজনক হওয়ায় শর্ত সাপেক্ষে প্রতিষ্ঠানটির নিবন্ধন দেয়ার সুপারিশ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১৩.৪.৩ ঠাকুরগাঁও ডেইরী লিঃ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও এর নিবন্ধনের আবেদন সংশ্লিষ্ট উপকমিটি কর্তৃক উপস্থাপিত পরিদর্শন প্রতিবেদন সন্তোষজনক না হওয়ায় এবং কমিটি আরও অধিক যাচাই বাছাইয়ের সুপারিশ করায় প্রতিষ্ঠানটিকে আপাততঃ নিবন্ধন না দেয়ার সিদ্ধান্ত | মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর |

| | | |
|---|---|---|
| | গৃহীত হয়।<br>**১৩.৪.৪** আগামীতে মাঠ পর্যায়ে কৃত্রিম প্রজনন কার্যক্রম শুরু এবং নিবন্ধনের আবেদন দাখিলের পূর্বেই **<u>কনসেপ্ট পেপার/ প্রপোজাল</u>** এনটিআরসির মাধ্যমে অধিদপ্তর হতে অনুমোদন করিয়ে নিতে হবে। | |
| ১৩.৫ | **<u>বিভিন্ন প্রকার গবাদিপশু, সিমেন, এমব্রায়ো ইত্যাদি আমদানি ও রপ্তানি সংক্রান্ত কারিগরি উপকমিটির সুপারিশ পর্যালোচনান্তে গৃহীত সিদ্ধান্ত ঃ</u>**<br><br>১৩.৫.১ পল্লী উন্নয়ন একাডেমী বগুড়াকে বুল ষ্টেশন রেজিষ্ট্রেশন স্বাপেক্ষে উত্তর আমেরিকা হতে অতিকতর উন্নত কৌলিগুণ সম্পন্ন ১০০% হলস্টেইন ফ্রিজিয়ান (Pure HF) জাতের ০৪ (চার) টি প্রজনন ষাঁড় আমদানির অনুমতি দেয়ার সুপারিশ করা হয়।<br><br>১৩.৫.২ ব্র্যাক এআই এন্টার প্রাইজ ব্র্যাক প্রধান কার্যালয়,৭৫ মহাখালী, ঢাকা-১২১২ ইউরোপ অথবা উত্তর আমেরিকা হতে ১০০% হলস্টেইন ফ্রিজিয়ান ( Pure HF) জাতের ০৫ (পাঁচ) টি প্রজনন ষাঁড় আমদানির অনুমতি দেয়ার সুপারিশ করা হয়।<br><br>১৩.৫.৩ প্যারামাউন্ট এগ্রো লিমিটেড, হাউজ নং-২২, রোড নং- ১১৩/এ, গুলশান-২, ঢাকা-১২১২ কর্তৃক আমেরিকা থেকে পিওর ফ্রিজিয়ান জাতের ৩০ (ত্রিশ) টি বকনা, ভারত থেকে মহিষের মুররা জাতের ৩০ (ত্রিশ) টি বকনা এবং ১০০ ডোজ পিওর ফ্রিজিয়ান জাতের এমব্রায়ো, ১০০ ডোজ পিওর শাহীওয়াল জাতের এমব্রায়ো এবং ১০০ ডোজ পিওর মুররা জাতের এমব্রায়ো আমদানির বিষয়ে সুপারিশ করা হয়।<br><br>১৩.৫.৪ নাহার এগ্রো কমপ্লেক্স লিমিটেড সাউথ খুলসী, চট্টগ্রাম কর্তৃক ইউএস হতে হলিস্টিন ফ্রিজিয়ান জাতের ৮০০ মাত্রা সিমেন আমদানির অনুমতি দেওয়ার বিষয়ে সুপারিশ করা হয়।<br>১৩.৫.৫ সেলিম ডেইরী ফার্ম, ভাংবাড়ী, মিলনবাজার, মাদারগঞ্জ, জামালপুর ভারত হতে পিওর ফ্রিজিয়ান জাতের ৩০ টি ষাঁড় এবং ২৭০ টি গাভী আমদানির অনুমতি না দেওয়ার বিষয়ে সুপারিশ করা হয়।<br>১৩.৫.৬ তোহা আহম্মেদ প্রোপাইটর তাসফিন'স পেট হাউস ইন্দোনেশিয়া হতে Flemish Giant/German Giant- ২৫ জোড়া, Hotot Dwant- ২৫ জোড়া Holland Lop- ২৫ জোড়া,, English Agora - ২৫ জোড়া, ১০০ জোড়া (Male+ Female Live) Rabbit আমদানির অনুমতি না দেয়ার সুপারিশ করা হয়।<br><br>১৩.৫.৭ তোহা আহম্মেদ প্রোপাইটর তাসফিন'স পেট হাউস সাউথ আফ্রিকা হতে ( Flemish Giant/German Giant, Hotot Dwant, Holland Lop, English Agora) জাতের ৪০ পিছ খরগোশ (Male+ Female) ও ৩০ পিছ Domestic Marmoset আমদানির অনুমতি না দেয়ার সুপারিশ করা হয়।<br><br>১৩.৫.৮ নওয়াজ মুহাম্মদ সুমন প্রোপাইটার সনান বার্ডস ব্রিডিং ফার্ম সংযুক্ত আরব আমিরাত ও সুদান হতে ১. আফ্রিকান ক্যামেল ( মেইল ৬০ + ফিমেইল ৪০টি ) = ১০০টি, ২. ওমানী ছাগল ( মেইল ৫০ + ফিমেইল ৫০ টি) =১০০ টি, ৩. আফগানি ভেড়া (মেইল ৫০ + ফিমেইল ৫০টি ) = ১০০টি আমদানির অনুমতি না দেয়ার সুপারিশ করা হয়। | মহাপরিচালক,<br>প্রাণিসম্পদ অধিদপ্তর |

| | | |
|---|---|---|
| | **১৩.৫.৯** এনটিআরসি এর ০৩/০১/২০২২ তারিখের আমেরিকান ডেইরী লিঃ এর অনুকূলে গৃহীত সিদ্ধান্ত পুনর্বিবেচনা করে আরও ১০টি হলিষ্টিন ফ্রিজিয়ান জাতের ষাঁড় বাছুর, ৫০০ মাত্রা ফ্রোজেন এমব্রায়ো এবং ৫০০ মাত্রা ফ্রোজেন সিমেন আমদানির অনুমতিদানের সুপারিশ করা হয়।<br><br>**১৩.৫.১০** **ওশেনফ্রন্ট লিমিটেড** কর্তৃক সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় বরাবরে ২০০টি উন্নত জাতের মহিষ আমদানির বিষয়ে স্থানীয় জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা / সংশ্লিষ্ট উপকমিটি অনতিবিলম্বে খামার পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিল করবেন। প্রতিষ্ঠান/খামর মহিষ পালন উপযোগি হলে উন্নত জাতের মহিষ আমদানির অনুমতি প্রদান করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। তবে আমদানিকৃত মহিষ শুধুমাত্র দুগ্ধ উৎপাদন কাজে ব্যবহৃত হবে। কোন ভাবেই বানিজ্যিকভাবে প্রজনন/কৃত্রিম প্রজনন এবং মাংস উৎপাদনপূর্বক বাজারজাত করণে ব্যবহার করা যাবেনা। উল্লেখ্য যে আমদানিকারক প্রতিষ্ঠান সরকারের প্রয়োজনে বা কোন গবেষণার স্বার্থে সংশ্লিষ্ট মহিষ ও খামার ব্যবস্থাপনার উপর তথ্য উপাত্ত দিতে বাধ্য থাকবে। আমদানী সংক্রান্ত যাবতীয় কার্যক্রম অনুমতি প্রাপ্তির এক বছরের মধ্যে সম্পন্ন করতে হবে।<br><br>**১৩.৫.১১** প্রজনন কাজে জীবন্ত পশুর চেয়ে সিমেন/এমব্রায়ো আমদানির উৎসাহ প্রদান করা হবে। | |
| ১৩.৬ | ইয়ন বায়ো সায়েন্স এবং ডাচ্ ডেইরী নিজস্ব খামারের বাহিরে প্রজনন কাজে বেসরকারি প্রতিষ্ঠানের নিকট ষাঁড় বাছুর বিক্রি করে শর্ত ভঙ্গ করায় তাদেরকে কারণ দর্শানোর সুপারিশ করা হয়। | মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর |
| ১৩.৭ | গবাদি পশুর কৃত্রিম প্রজনন নির্দেশিকা-২০১৯" সম্বলিত ডিসপ্লে বোর্ড/ব্যানার সকল সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান, ইউনিয়ন পরিষদসহ অন্যান্য দৃশ্যমান স্থানে প্রদর্শনের সিদ্ধান্ত গৃহীত হয়। | মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর |
| ১৩.৮ | <u>বিভিন্ন প্রতিষ্টানের ব্রিডিং বুল প্রত্যয়ন</u><br>**১৩.৮.১** ব্র্যাক ময়মনসিংহ এর ০৯ (নয়) টি প্রজনন ষাঁড়ের মধ্য হতে ০৭ (সাত) টি প্রজনন ষাঁড় (আইডি নং-২১-৩৩২-১০-২০, ২১-৩৩৩-১১-২০, ২১-৩৩৪-১১-২০, ২১-৩৩৫-১২-২০, ২১-৩৩৬-১২-২০, ২১-৩২৮-০৯-১৯ এবং ২১-৩২৯-০৩-২০) প্রত্যয়ন করার সুপারিশ করা হয় এবং বাকী ২(দুই)টি প্রজনন ষাঁড় (আইডি নং-২০-৩১০-০৬-১৮, ২০-৩১২-১১-১৮) বাতিল করার সুপারিশ করা হয়।<br>**১৩.৮.২** ব্র্যাক বগুড়া এর ০৭ (সাত) টি প্রজনন ষাঁড়ের মধ্য হতে ০৪ (চার) টি প্রজনন ষাঁড় এর মধ্যে ২(দুই)টি মুররাহ জাতের প্রজনন মহিষ (আইডি নং-২১-৩১৫-০২-১৯, ২১-৩১৬-০৩-১৯), ০২ (দুই) টি প্রজনন ষাঁড় (আইডি নং ২১-৩৩০-০৫-২০ ও ২১-৩৩১-০৭-২০) প্রত্যয়ন করার সুপারিশ করা হয় এবং বাকী ৩(তিন)টি প্রজনন ষাঁড় (আইডি নং-২০-৩০৭-১০-১৮, ২০-৩০৮-১০-১৮ ও ২০-৩০৯-১১-১৮) বাতিল করার সুপারিশ করা হয়।<br>**১৩.৮.৩** ইজাব এলায়েন্স বিডি এর ০৭ (সাত) টি প্রজনন ষাঁড়ের মধ্য হতে ০৪ (চার) টি প্রজনন ষাঁড় (আইডি নং-৫৩৬, ৫৩৭, ৫১৫ ও ৪৪৮) প্রত্যয়ন করার সুপারিশ করা হয় এবং বাকী ৩(তিন)টি প্রজনন ষাঁড় (আইডি নং-৪৪৫, ৪৪৭ ও ৫১৪) বাতিল করার সুপারিশ করা হয়।<br>**১৩.৮.৪** সমাজ ও জাতি গঠন (সজাগ) এর ০৩ (তিন) টি প্রজনন ষাঁড় (আইডি নং-৪১, ৪২ ও ১৪০) প্রত্যয়ন করার সুপারিশ করা হয়।<br>**১৩.৮.৫** এসিআই এনিম্যাল জেনেটিক্স এর ১৭ (সতের) টি প্রজনন ষাঁড়ের মধ্য হতে ০৪ (চার) টি প্রজনন ষাঁড় (আইডি নং-১০৪, ১০৫, ১০৬ ও ১০৭) প্রত্যয়ন করার সুপারিশ করা হয় এবং বাকী ১৩(তের)টি প্রজনন ষাঁড় (আইডি নং-১০৩, ১০৮, ১০৯, ১১০, ১১১, ১১২ ১১৩, ১১৪, ১১৫, ১১৬, ১১৭, ১১৮ ও ১১৯) বাতিল করার সুপারিশ করা হয়। | বেসরকারী সংস্থা, পরিচালক, কৃত্রিম প্রজনন |

| | | |
|---|---|---|
| ১৩.৯ | **কৃত্রিম প্রজনন, জাত উন্নয়ন এবং নতুন জাত/উপজাত রেজিস্ট্রেশন সংক্রান্ত নীতিমালা, আইন, বিধি বিধান প্রণয়ন/ সংশোধন সংক্রান্ত উপকমিটির সুপারিশ পর্যালোচনা ঃ**<br>**১৩.৯.১** কমিটি কর্তৃক উপস্থাপিত ফরমেট বাংলাদেশের জন্য নতুন জাত/উপজাত রেজিস্ট্রেশনের আবেদন করার একটি নির্ধারিত ফরমেট হিসেবে গ্রহণ করার সুপারিশ করা হয়।<br>**১৩.৯.২** দেশীয় রেড চিটাগাং ক্যাটেল (আরসিসি) কে নতুন জাত হিসেবে রেজিস্ট্রেশন প্রদানের আবেদনের প্রেক্ষিতে সংশ্লিষ্ট উপকমিটি কর্তৃক যাচাই-বাছাই, পর্যালোচনা এবং গুরুত্ব বিবেচনায় নতুন জাত হিসেবে রেজিস্ট্রেশন প্রদানের সুপারিশ করা হয়।<br>**১৩.৯.৩** এই উপকমিটিতে বিএলআরআই এর প্রতিনিধি কো-অপ্ট করার প্রস্তাব সুপারিশ করা হয়। | মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর<br>মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় |
| **১৩.১০** | পূর্ববর্তী সভার গৃহীত সিদ্ধান্তসমূহ অধিকতর আন্তরিকতার সাথে প্রতিপালন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | বেসরকারী সংস্থা,<br>কৃত্রিম প্রজনন দপ্তর,<br>প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫/০৫/২২

**(এস এম ফেরদৌস আলম)**
অতিরিক্ত সচিব (প্রাণিসম্পদ-২)
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়,
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
ও
সভাপতি, NTRC।